নতুন ধারার দৈনিক
আমাদের সময়

সোমবার, ২১ অক্টোবর ২০২৪

# উত্তরা ইউনিভার্সিটিতে সিরাত সেমিনার অনুষ্ঠিত




উত্তরা ইউনিভার্সিটিতে সীরাতুন্নবী (সা.) ২০২৪ উদযাপন উপলক্ষ্যে অনুষ্ঠিত হয়েছে সিরাত সেমিনার ও সাংস্কৃতিক অনুষ্ঠান।

আজ বুধবার ইউনিভার্সিটির স্থায়ী ক্যাম্পাসে এ অনুষ্ঠানের আয়োজন করা হয়।

অনুষ্ঠানে সম্মানিত অতিথি হিসেবে ছিলেন আস-সুন্নাহ ফাউন্ডেশনের চেয়ারম্যান শায়খ আহমাদুল্লাহ, তারবিয়াহ এডুকেশন নেটওয়ার্কের প্রতিষ্ঠাতা চেয়ারম্যান অধ্যাপক মোখতার আহমেদ ও মসজিদ উত-তাকওয়া সোসাইটির খতিব মুফতী সাইফুল ইসলাম।

রাসুল (সা.) এর জীবন আদর্শ বাস্তবায়নের আহ্বান জানিয়ে আলোচকরা বলেন, রাসুল (সা.) দেখানো পথে রয়েছে মানবতার মুক্তি। তার আদেশ ও নিষেধ মেনে চলা আমাদের দায়িত্ব। দুনিয়াতে সব নবী ও রাসুল পাঠানোর উদ্দেশ্যই ছিল ভ্রান্ত সমস্ত মতবাদ ও আদর্শের বিপরীতে ইসলামী আদর্শ প্রতিষ্ঠা করা। মানবতার মুক্তির জন্য একটিই আদর্শ রয়েছে, তা হলো ইসলাম। আর বাস্তবিক চর্চা ও অনুসরণ দেখিয়েছেন রাসুল (সা.)।

আলোচনা সভা শেষে সিরাত অনুষ্ঠানে উপস্থিত অতিথিদের ক্রেস্ট তুলে দেওয়া হয়। পরে ধন্যবাদ জ্ঞাপন করেন উত্তরা ইউনিভার্সিটির ইসলামিক স্টাডিজ বিভাগের সহকারি অধ্যাপক ড. মোস্তফা কবির সিদ্দিকী। অনুষ্ঠানের দ্বিতীয় পর্বে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ব্যান্ড দল সিলসিলার উদ্যোগে শুরু হয় মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান। এসময় সিলসিলা শিল্পী গোষ্ঠীর শিল্পীদের ইসলামী গান ও কাওয়ালীসহ মন মাতানো সব উপস্থাপনা উপভোগ করে শিক্ষার্থীরা।